



আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র (সকল)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : একাডেমিক কাউন্সিল এর ৫৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান এবং ১ম ও ২য় বর্ষের শিক্ষার্থী তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : বাউবি/প্রশা(সাধা)/বিভাগ-২৬(১৩)/৯৬/পাট-৩/৩৯৭০(১); তারিখ : ০৩/১০/২০১৬।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এর ৫৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

“(১) একাডেমিক কাউন্সিলের ৪৭তম সভার সিদ্ধান্ত-১২ এর আওতা বর্হিভূত সকল প্রোগ্রামের ক্ষেত্রে যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থী অবশিষ্ট কোর্স/DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে সংশ্লিষ্ট কোর্স/বিষয়ে কোর্স ফি প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(২) ২০১৯ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় যে ব্যাচের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হবে উক্ত সিদ্ধান্তের আলোকে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০২ বছরের মধ্যে DeNovo রেজিস্ট্রেশন করে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরবর্তীতে রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীগণের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।”

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে-

(ক) একাডেমিক কাউন্সিলের ৪৭তম সভার সিদ্ধান্ত-১২ এর আওতা বর্হিভূত এবং ৫৮তম সভার সিদ্ধান্ত-১ অনুযায়ী এসএসসি প্রোগ্রামের ১১ ব্যাচের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থী শেষবারের মত অবশিষ্ট কোর্স/DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে আসন্ন এসএসসি পরীক্ষা-২০২০এ অংশগ্রহণ করতে পারবে এবং

(খ) ১২ ব্যাচের শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষা-২০২০ এ পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়েছে। ১২ ব্যাচের যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে শিক্ষার্থীগণ একাডেমিক কাউন্সিলের ৫৮তম সভার সিদ্ধান্ত-২ অনুযায়ী DeNovo রেজিস্ট্রেশন করে এস.এস.সি পরীক্ষা-২০২০ ও এস.এস.সি পরীক্ষা-২০২১ এ অংশগ্রহণের সুযোগ পাবে।

উল্লিখিত ক ও খ এর শিক্ষার্থীগণ এস.এস.সি পরীক্ষা-২০২০ এর জন্য আগামী ২০-০৯-২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কোর্স ফি, পুন:পরীক্ষার ফি, রেজিস্ট্রেশন ফি, নম্বরপত্র ফি, সনদপত্র ফি, প্রশংসাপত্র ফি এবং একাডেমিক ক্যালেন্ডার ফি (DeNovo রেজিস্ট্রেশনের জন্য) সংশ্লিষ্ট ব্যাংকে জমা দিয়ে জমা রশিদসহ আবেদনপত্র সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে/উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে পারবে। আঞ্চলিক কেন্দ্র কর্তৃক আবেদনকারী শিক্ষার্থীদের বর্ষ ভিত্তিক তালিকা (পুন:পরীক্ষার্থী/ DeNovoসহ) আগামী ২৫-০৯-২০১৯ তারিখের মধ্যে Hard Copy পরীক্ষা বিভাগে, Soft Copy ই-মেইলের মাধ্যমে controller@bou.edu.bd, exam.cu.@gmail.com এবং exam.cu.@bou.edu.bd ঠিকানায় প্রেরণ করতে হবে।

রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের পুন:পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়টি সকল স্টাডি সেন্টার ও স্থানীয়ভাবে বিভিন্ন মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল।

ধন্যবাদসহ।

২২/৮/১৯

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিতরণ: কার্যার্থে

১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।

২। সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল)।

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা/সমন্বয়কারী, এইচএসসি প্রোগ্রাম বাউবি সকল স্টাডি সেন্টার।

৪। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।

৫। প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতি জন্য

১। ডীন, ওপেন স্কুল, বাউবি।

২। একান্ত সচিব, উপাচার্যেও দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	
উন্মুক্ত বিভাগ	
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
তারিখ:	২২/৮/১৯
স্বাক্ষর:	<i>গণেশ</i>
স্বাক্ষর:	<i>গণেশ</i>
স্বাক্ষর:	<i>গণেশ</i>
স্বাক্ষর:	<i>গণেশ</i>
স্বাক্ষর:	<i>গণেশ</i>